NYS ডিপার্টমেন্ট অফ স্টেট-ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস

নাপিতের ব্যবহারিক
পরীক্ষা প্রক্রিয়ার জন্য কাজের তালিকা

এই পরীক্ষা দিতে প্রায় 1 ¼ ঘন্টা লাগে। প্রতিটি প্রক্রিয়ার জন্য নির্দিষ্ট সময় বরাদ্দ করা আছে, যা নিচে জানানো হয়েছে। এই প্রক্রিয়াগুলি একটা ম্যানেকুইনের উপর করে দেখাতে হবে, আপনাকে তার ব্যবস্থা করতে হবে (জীবন্ত মডেলের অনুমতি দেওয়া হয় না)। পরীক্ষক প্রতিটি প্রক্রিয়া দেখানোর আগে মৌখিক নির্দেশ দেবেন। দাড়ি কামানোর প্রক্রিয়া সিমুলেট করা হবে। আশা করা হচ্ছে যে এই পরীক্ষার পুরো কোর্স জুড়ে নিউ ইয়র্ক স্টেটের উপস্থিতি বৃদ্ধির আইন এবং প্রবিধান অনুসারে নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণ অনুশীলন করা হবে।

পেশাদার চেহারা, কাজের জায়গা তৈরি করা এবং ক্লায়েন্টকে (ম্যানেকুইন) প্রস্তুত করা (10 মিনিট)

7 টি কাজ মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:

"অনুগ্রহ করে আপনার পরীক্ষার সময় যে সাধারণ সাপ্লাইগুলি ব্যবহার করা হবে সেসব এবং চুল কাটার সাপ্লাই দিয়ে আপনার ওয়ার্কস্টেশন সেট আপ করে নেবেন। যতক্ষণ না প্রতিটি প্রক্রিয়া করার দরকার হবে ও/বা সাজিয়ে রাখার নির্দেশ দেওয়া হবে ততক্ষণ পর্যন্ত সাপ্লাই আপনার ব্যাগের ভিতরে থাকা উচিত। আরও প্রক্রিয়ার জন্য আপনার ম্যানেকুইন (ক্লায়েন্ট)-কে তৈরি করে (ড্রেপ করে) রাখবেন। পরীক্ষা চলাকালীন সম্পূর্ণ সময় আপনার দাঁড়িয়ে থাকতে হবে। আপনার কাজ শেষ হয়ে গেলে, অনুগ্রহ করে পিছিয়ে যাবেন এবং নিঃশব্দে পরবর্তী নির্দেশের জন্য অপেক্ষা করবেন।"

1) আবেদক পরিষ্কার নাপিতের জ্যাকেট পরেছে যা গুজে রাখা হয়নি এবং শার্ট বা পোশাকের উপরে পরা হয়েছে। আবেদক গোড়ালি ও পায়ের আঙুল ঢাকা জুতো পরেছে যাতে সম্পূর্ণ পায়ের পাতা ঢাকা ও ক্যানভাসের তৈরি না।

2) বাইরের অংশ জীবাণুমুক্ত করার জন্য একটা EPA-অনুমোদিত জীবাণুনাশক সলিউশন ব্যবহার করা হয় (তরল, স্প্রে, ওয়াইপ ইত্যাদি রূপে হতে পারে); এই পণ্য আসল লেবেল সহ প্যাকেজে থাকে ও ওয়ার্ক স্টেশনের সম্পূর্ণ উপরিভাগ (কাউন্টার টপ) ঢাকতে প্রয়োগ বা ব্যবহার করা হয় এবং এগিয়ে যাওয়ার আগে স্টেশন সম্পূর্ণ শুকনো করে নেওয়া হয় (পেপার টাওয়েল বা তোয়ালে ব্যবহার করা হয়)।

3) বর্জ্য পদার্থ ফেলার জন্য ওয়ার্কস্টেশনে নাগালের মধ্যে একটা প্লাস্টিকের (বা অন্য লীক-প্রুফ উপাদান) ব্যাগ রাখা হয়; জীবাণুমুক্ত করার প্রক্রিয়ার সময় ময়লা হয়ে যাওয়া সব বর্জ্য পদার্থ অর্থাৎ ডিসপোজেবল ফেলার জন্য আবর্জনার ব্যাগ ব্যবহার করা হয়।

4) যেসব সরঞ্জাম পরে জীবাণুমুক্ত করতে হবে (বড় কাঁচি/কাঁচি/ব্লেড/চিরুনি/ডিট্যাচেবল ক্লিপার ব্লেড) "পরিষ্কার" লেবেল সহ ঢাকনা দেওয়া পাত্রে পরীক্ষা স্থলে পৌঁছে দেওয়া হয়েছে (দেখতে না পেলে শিক্ষার্থীকে এই জিনিসগুলি দেখাতে বলুন)। ***দ্রষ্টব্য: কাঁচি/বড় কাঁচি জমা রাখার আসল থলি/কেসে আনার অনুমতি দেওয়া হয়।***

5) যদি রক্তের ছিটে লাগে তার জন্য একটা সীলবন্ধ প্লাস্টিকের ব্যাগ ও অনড় (শক্ত) প্লাস্টিকের পাত্র (কাঁচি রাখার মত যথেষ্ট বড়) রাখা হয় এবং এবং তাতে 'রক্ত দূষণ' লেবেল দিয়ে রাখা হয় (দেখতে না পেলে শিক্ষার্থীকে এই জিনিসগুলি দেখাতে বলুন); পাত্রে রক্তবাহিত রোগজীবাণু সুরক্ষাদায়ক আইটেম (বর্জ্য সুরক্ষাদায়ক গ্লাভস ও আঠালো ব্যান্ডেজ) জমা করে রাখা হয়।

6) ক্ল্যাম্প দিয়ে কাউন্টারটপের সঙ্গে ম্যানেকুইন আটকে রাখা হয় এবং পরিষ্কার চুল কাটার কেপ অর্থাৎ হাতা ছাড়া কোট সঠিকভাবে পরিয়ে রাখা হয়; এই কেপ যাতে ক্লায়েন্টের ঘাড়ের জায়গার সংস্রবে না আসে সেইজন্য বাধা দিতে তোয়ালে (15"x25/26"), ডিসপোজেবল তোয়ালে বা ঘাড়ের স্ট্রিপ ব্যবহার করা হয়; ক্লায়েন্ট (ম্যানেকুইন)-কে স্পর্শ করার আগে আবেদক স্যানিটাইজার (তরল, ফোম, ওয়াইপ ইত্যাদি রূপে) দিয়ে হাত জীবাণুমুক্ত করে নিয়েছে।

7) ওয়ার্কস্টেশন ও ক্লায়েন্ট (ম্যানেকুইন) তৈরি করার সব ব্যাপারে নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণ মেনে চলা হয়েছে।

চুল কাটার পদ্ধতি (30 মিনিট)
13 টি কাজ মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:

"এবার আপনি চুল কাটার পদ্ধতি দেখাবেন। প্রথমে #1 বা লোয়ার ব্লেড সাইজ দিয়ে মাথার নিচের দিকে ঘাড়ের জায়গা ক্রমশ সরু করে কাটবেন। ক্লিপার ওভার কোম্ব টেকনিক দেখাতে ট্রানজিশন (ওয়েট) লাইন সরিয়ে দিন। প্রয়োজনে এই টেকনিকের সঙ্গে এখানে গার্ড বা কোম্ব অ্যাটাচমেন্ট ব্যবহার করা যায়। এর পর ঐ একই ক্লিপার ওভার কোম্ব টেকনিক ব্যবহার করে আপনি ঝুলপি থেকে কপাল পর্যন্ত ক্রমশ সরু করে কাটবেন। মাথার চাঁদি, পিছন ও পাশগুলি সমানভাবে কাটতে হবে যাতে ফিংগার্স অ্যান্ড শিয়ার টেকনিক অর্থাৎ কাঁচি ও আঙুলের কৌশল ব্যবহার করে অন্তত ½ ইঞ্চি চুল কেটে বাদ দিতে হবে। (আপনার ম্যানেকুইনের চুল রুক্ষ হলে, হাতে নিয়ে বড় কাঁচি দিয়ে নিঁখুত করে কাটার জন্য ফ্রি হ্যান্ড ক্লিপার টেকনিক দেখাবেন)। এর পর, কানের চারিপাশ ও গলার ধার দিয়ে শিয়ার আর্চিং টেকনিক দেখাতে বড় কাঁচি ব্যবহার করবেন। তারপর আবার ড্রেপ করে চার্জেবল ব্লেড স্ট্রেট রেজর (রেজর ব্লেড বাদ দিয়ে) ব্যবহার করে বাঁকানো জায়গাটা কামিয়ে দেবেন। সব শেষে মুখ ও গলা থেকে কুচো চুল সরাতে তোয়ালে জড়ানোর প্রক্রিয়া ও ট্যালকাম পাউডার ব্যবহার করবেন। আপনার কাজ শেষ হয়ে গেলে, অনুগ্রহ করে পিছিয়ে যান এবং নিঃশব্দে আপনার পরীক্ষকের কাছ থেকে পরবর্তী নির্দেশের জন্য অপেক্ষা করুন। এই প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য আপনার কাছে 30 মিনিট সময় আছে। মনে রাখবেন, ঘাড়ের জায়গা ক্রমশ সরু করে কাটা দিয়ে আরম্ভ করবেন। আপনার পছন্দ মত শুকনো চুলে বা ভিজিয়ে নিয়ে কাটতে পারেন। এখন আপনি শুরু করতে পারেন।"

1) এই প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য জরুরী সমস্ত চুল কাটার **সাপ্লাই ও সরঞ্জাম** আবেদক দেবে এবং দৃশ্যত পরিষ্কার, জীবাণুমুক্ত এবং কাজের পক্ষে উপযুক্ত অবস্থায় আছে (ক্লিপার্স, #1 বা লোয়ার ব্লেড, গার্ড, চুল কাটার বড় কাঁচি/কাঁচি, চুল কাটার চিরুনি -বা- অল পারপাস কোম্ব -বা- টেল কোম্ব, পরিবর্তনীয় ব্লেডসহ স্ট্রেট রেজর, জীবাণুনাশক স্প্রে, 1-3 তোয়ালে(15"x25/26") ও/বা ডিসপোজেবল তোয়ালে, শেভিং ক্রিম, ট্যালকাম পাউডার, ছোট ঝাঁটা ও ডাস্টপ্যান)।

2) *তৈরি* চুল পরিপাটি করে আঁচড়ানো ও পরীক্ষা করা হয়েছে; চুলে জট নেই ও প্রক্রিয়া করার জন্য প্রস্তুত [চুল ভিজিয়ে নেওয়া বা শুকনো রাখার অনুমতি দেওয়া হয়]।

3) ঘাড়ের জায়গা (প্রথম) - একটা #1 বা লোয়ার ব্লেড দিয়ে ঘাড়ের জায়গা সরু করে কাটা হয়; *ক্লিপার ওভার কোম্ব টেকনিক* দিয়ে ঘাড় ও অকিপিটাল বোনের মাঝের জায়গা সরু করে কাটা হয়; ট্রাঞ্জিসন (ওয়েট) লাইন সরানো হয় (ব্লেডের সঙ্গে একটা কোম্ব অ্যাটাচমেন্ট ব্যবহার করা যায়)। *(দ্রষ্টব্য: একটার বেশি ব্লেড ব্যবহার করা যায় তবে জরুরী না)*

4) *পাশ (দ্বিতীয়)* - তারপর *ক্লিপার ওভার কোম্ব টেকনিক* ব্যবহার করে কপাল পর্যন্ত ঝুলপি কাটা হয়; অন্তত ½ ইঞ্চি চুল কেটে ফেলা হয়।

5) *মাথার চাঁদি, পিছন ও দু পাশ (তৃতীয়)* - *ফিংগার অ্যান্ড শিয়ার টেকনিক* ব্যবহার করে নিশ্চল ও চলতি নির্দেশ মত মাথার চাঁদির উপর চুল সমান করে কাটা হয়। *শিয়ার ওভার কোম্ব টেকনিক* ব্যবহার করে চাঁদির সঙ্গে মানানসই পাশগুলি ও পিছনটা কাটা হয় যাতে কোনও লাইন বা ধাপ স্পষ্ট চোখে না পড়ে (ব্লেন্ড/পাতলা করার কাঁচি ব্যবহার করা যায় তবে জরুরী না)। *চুল রুক্ষ হলে হাতে নিয়ে, কাটা, ও ফ্রি হ্যান্ড ক্লিপার টেকনিক ব্যবহার করা যায় (এই পদ্ধতি বেছে নেওয়া হলে, ক্লিপার ও কাঁচি উভয়ের ব্যবহার দেখাতে হবে)*; অন্তত ½ ইঞ্চি চুল কেটে ফেলা হয়।

6) *আর্চিং (চতুর্থ)* - কানের পাশে স্বাভাবিক লাইন স্পষ্ট করে বোঝাতে ঠিক মত *শিয়ার আর্চিং টেকনিক* দেখানো হয় (চিরুনি ও কাঁচি ব্যবহার করা যায়); কানের সামনের দিক থেকে শুরু করুন ও আউটলাইন ধরে ক্রমশ সরু করে ঘাড় পর্যন্ত কাটতে হয়। *(দ্রষ্টব্য: আউটলাইনার/এজার ব্যবহার করা যায়া না।)*

7) রি-ড্রেপ - কেপ থেকে চুলের ক্লিপিং খুলে ফেলুন ও ঘাড়ের স্ট্রিপ, তোয়ালে বা ডিসপোজেবল টাওয়েল সরিয়ে/ফেলে দেওয়া হয়। ক্লায়েন্ট/ম্যানেকুইন আবার ঠিকমত ড্রেপ করা; *ক্লায়েন্টের ঘাড় ও চুল কাটার কেপের মাঝখানে বাধা মত তৈরি করার জন্য ঘাড়ের স্ট্রিপ, তোয়ালে বা ডিসপোজেবল টাওয়েল ব্যবহার করা হয়।*

8) *শেষ করার জন্য তৈরি হওয়া* - গলার পিছন দিকে তোয়ালে বা ডিসপোজেবল টাওয়েল গুজে দেওয়া হয়। ব্লেড থেকে ফেনা মোছার জন্য ডান বা বাঁ কাঁধের উপর দ্বিতীয় তোয়ালে (15"x25/26") বা ডিসপোজেবল টাওয়েল রাখা হয়। কপালের দুপাশের অংশ, কানের চারিপাশে/উপরে ও গলার ধার দিয়ে নিচে পর্যন্ত সাবানের ফেনা মেখে নেওয়া হয়। **জীবাণুনাশক স্প্রে দিয়ে পরিবর্তনীয় অর্থাৎ চেঞ্জেবল ব্লেড স্ট্রেট রেজর জীবাণুমুক্ত করা হয়।।** *(দ্রষ্টব্য: শেভিং ক্রিম মাখার আগে চেঞ্জেবল ব্লেড স্ট্রেট রেজর জীবাণুমুক্ত করার অনুমতি আছে।)*

9) *শেষ করা* - কপাল থেকে শুরু করে কানের সামনে ও চারি পাশে ঝুলপির দিকে ও গলার পাশ দিয়ে সোজা নিচে পর্যন্ত বাঁকিয়ে কাটতে হয়। ফ্রি-হ্যান্ড ও রিভার্স ব্যাক হ্যান্ড স্ট্রোক ঠিক মত ব্যবহার করতে হয়। সব জায়গা থেকে লোম বা চুল অদৃশ্য হয়ে যায়। *(দ্রষ্টব্য: যেসব নাপিত মূলক বাঁ হাত ব্যবহার করে তার এই স্ট্রোকগুলি বিপরীত করতে পারে, সেটা দন্ডনীয় না।)*

10) **ব্যবহার করার সময় সব ক্লিপার্স এবং চেঞ্জেবল ব্লেড স্ট্রেট রেজর নিরাপদে সামলাতে পারে; ক্লিপার কাটিং টেকনিক দেখাতে ক্লিপার ধরে রাখা হয় (নামিয়ে রাখা হয় না)।**

11) সব তোয়ালে খুলে সরিয়ে ফেলা হয়। আঙুলে (ট্যাল্ক সমেত) পরিষ্কার তোয়ালে বা ডিসপোজেবল টাওয়েল জড়িয়ে নেওয়া হয় এবং মুখ ও গলা থেকে আলগা চুলের কুচি ও সাবানের ফেনার চিহ্ন মুছে ফেলা হয়।

12) চুল সমান ভাবে কাটা হয় (বড় কাঁচি/কাঁচি দিয়ে সমান করে কাটা), আউটলাইন স্পষ্ট ও পরিষ্কার, ওয়েট লাইন কম করা হয়েছে (ক্রমশ কম করে ছাঁটা জায়গাগুলি চুলের রেখার সমানভাবে আছে)।

13) **চুল কাটার টেকনিকের প্রক্রিয়ার সব ব্যাপারে নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণ মেনে চলা হয়েছে।**

দাড়ি কামানো– মুখের লোম (15 মিনিট)

12 টি কাজ মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:

"এবার আপনি স্ট্যান্ডার্ড দাড়ি কামানো অর্থাৎ শেভ দেখাবেন। ঠিকমত মুখের প্রস্তুতির পর, আপনার চেঞ্জেবল ব্লেড স্ট্রেট রেজর ব্যবহার করে আপনি চৌদ্দটি শেভ করার জায়গায় এই প্রক্রিয়া সিমুলেট করবেন, সিমুলেশনের বাস্তব ব্লেড ব্যবহার করা হবে না। আপনার কাজ শেষ হয়ে গেলে, অনুগ্রহ করে পিছিয়ে যান এবং নিঃশব্দে পরবর্তী নির্দেশের জন্য অপেক্ষা করুন। এই প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য আপনার কাছে 15 মিনিট সময় আছে এবং আপনি এখন শুরু করতে পারেন।"

1) এই প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল শেভিং সাপ্লাই ও সরঞ্জাম আবেদনকারীর দ্বারা সরবরাহ করা হয় এবং স্টিং করা, আগে থেকে ভরে রাখা জল স্প্রে করার বোতল, চেঞ্জেবল ব্লেড স্ট্রেট রেজর, সাবানের ফেনা/শেভিং ক্রিমের জন্য প্রয়োজনীয় জিনিস (কম পক্ষে 2-3 টে পরিষ্কার টেরি টাওয়েল (15"x25/26") **দৃশ্যত পরিষ্কার, জীবাণুমুক্ত এবং কাজের পক্ষে উপযুক্ত অবস্থায় আছে।** *(দ্রষ্টব্য: ডিসপোজেবল পেশাদার সেবার তোয়ালের অনুমতি দেওয়া হয়; দাড়ি সফ্টনার/প্রি-শেভ কন্ডিশনার তেল ঐচ্ছিক এবং জরুরী না)।*

2) *ক্লায়েন্ট/ম্যানেকুইন তৈরি করা*–পরিষেবা দেওয়ার জন্য ক্লায়েন্ট (ম্যানেকুইন) অ্যাডজাস্ট করা/পিছন দিকে ঠেলে দেওয়া হয়েছে। *[সিমুলেটেড স্টিমের আগে কয়েক জন প্রার্থী সাবানের ফেনা/ক্রিম মেখে নেওয়ার বিকল্প বেছে নিতে পারে, এই ধাপ জরুরী না, তবে গ্রহণযোগ্য তবে রেট দেওয়া হবে না।]*

3) স্টিম(সিমুলেশন) - দাড়ি নরম করার জন্য ক্লায়েন্ট/ম্যানেকুইনের মুখের উপর একটা বা দুটো ভেজা/আর্দ্র টেরি/স্টিম টাওয়েল (15"x25/26") প্রায় 10-15 সেকেন্ডের জন্য রাখা হয়; এই তোয়ালে v-আকারে রাখা হয়, ক্লায়েন্ট যাতে শ্বাস নিতে পারে সেইজন্য নাক (নাসারন্ধ্র) খোলা রাখা হয়। *[দ্রষ্টব্য: যে সব প্রার্থী স্টিম করার আগে ফেনা করেছিল তারা এখন সেই ফেনা/ক্রিম টেরি/স্টিম টাওয়েল দিয়ে মুছে দিতে পারে তবে ফেনা সরানোর জন্য তাকে রেট দেওয়া হবে না।)*

4) লুব্রিকেট করা (*বা আবার সাবানের* ফেনা মাখা) - মুখে ও গলার সাবানের ফেনা/ক্রিম মাখে; হাতে সাবানের ফেনা/ক্রিম নিয়ে (বা ক্রিমের বোতল ব্যবহার করা হলে স্প্যাটুলায় নিয়ে) গলা দিয়ে শুরু করে সমানভাবে মুখ ও গলার যে জায়গা কামাতে হবে সেখানে দ্রুত গোলাকারে মেখে নেয়, গজিয়ে ওঠা দাড়ির বিপরীত মুখে এই সাবানের ফেনা/ক্রিম মাখতে হবে এবং যেখানটা কামাতে হবে সেই সম্পূর্ণ জায়গাটায় ভালো করে মেখে নিতে হবে।

5) রেজর তৈরি করা – সিমুলেশনের জন্য চেঞ্জেবল ব্লেড স্ট্রেট রেজর ব্যবহার করে; আসল ব্লেড ব্যবহার করা হয় না। যেসব নাপিত প্রধানত বাঁ হাত ব্যবহার করে তারা ডান দিকের বদলে বাঁ দিক থেকে শুরু করতে পারে, সেটা দন্ডনীয় না, তবে তাদের স্ট্রোকের ক্রম সংখ্যা, দাড়ি কামানোর দিশা ও কোণগুলি নির্দেশমত মেনে চলতে হবে।

6) *শেভ করার জায়গা 1, 2, 3, 4, 5*: ঠিক মত রেজর (রেজর ব্লেড বাদ দিয়ে চেঞ্জেবল ব্লেড স্ট্রেট রেজর) ধরা হয় এবং, গ্লাইড করার স্ট্রোকে গজানো দাড়ির দিশায় চালানো হয়; 'ব্লেডের' ডগা সামনের দিকে করে সামনের দিকে কামানোর দিশায় ব্যবহার করে; যে হাত দিয়ে রেজর ধরা হয়েছে তার উল্টো দিকের আঙুল দিয়ে ত্বকের যে জায়গা শেভ করা হবে সেটা দৃঢ় অথচ মৃদু ভাবে টান টান করে রাখা হয়। শেভ করার জায়গা 1, 3, ও 4 এ *ফ্রি-হ্যান্ড স্ট্রোক*, শেভ করার জায়গা 2 এ *ব্যাক-হ্যান্ড স্ট্রোক* ব্যবহার করা হয়; এবং শেভ করার জায়গা 5 এ *রিভার্স ফ্রি-হ্যান্ড স্ট্রোক* ব্যবহার করা হয়

7) *শেভ করার জায়গা 6, 7, 8, 9, 10*: ঠিক মত রেজর (রেজর ব্লেড বাদ দিয়ে চেঞ্জেবল স্ট্রেট ব্লেড রেজর) ধরা হয় এবং, গ্লাইড করার স্ট্রোকে গজানো দাড়ির দিশায় চালানো হয়; 'ব্লেডের' ডগা সামনের দিকে করে সামনের দিকে কামানোর দিশায় ব্যবহার করে; যে হাত দিয়ে রেজর ধরা হয়েছে তার উল্টো দিকের আঙুল দিয়ে ত্বকের যে জায়গা শেভ করা হবে সেটা দৃঢ় অথচ মৃদু ভাবে টান টান করে রাখা হয়। শেভ করার জায়গা 6, 8, ও 9 এ *ব্যাক-হ্যান্ড স্ট্রোক*; শেভ করার জায়গা 7 এ *ফ্রি-হ্যান্ড স্ট্রোক* ব্যবহার করা হয়; এবং শেভ করার জায়গা 10 এ *রিভার্স ফ্রি-হ্যান্ড স্ট্রোক* ব্যবহার করা হয়।
8) *শেভ করার জায়গা 11, 12, 13, 14*: ঠিক মত রেজর (রেজর ব্লেড বাদ দিয়ে চেঞ্জেবল স্ট্রেট ব্লেড রেজর) ধরা হয় এবং, গ্লাইড করার স্ট্রোকে গজানো দাড়ির দিশায় চালানো হয়; 'ব্লেডের' ডগা সামনের দিকে করে সামনের দিকে কামানোর দিশায় ব্যবহার করে; যে হাত দিয়ে রেজর ধরা হয়েছে তার উল্টো দিকের আঙুল দিয়ে ত্বকের যে জায়গা শেভ করা হবে সেটা দৃঢ় অথচ মৃদু ভাবে টান টান করে রাখা হয়। শেভ করার জায়গা 11 ও 12 এ *ফ্রি-হ্যান্ড স্ট্রোক*; শেভ করার জায়গা 13 ও 14 এ *রিভার্স ফ্রি-হ্যান্ড স্ট্রোক* ব্যবহার করা হয়। *(দ্রষ্টব্য: যেসব পরীক্ষার্থী মূলত বাঁ হাত ব্যবহার করেন তারা শেভ করার জায়গা 11 এ বিপরীত স্ট্রোক করার দিশা ব্যবহার করবে।)*

9) একটা ভেজা/আর্দ্র টেরি/স্টিম টাওয়েল (15"x25/26") দিয়ে ক্লায়েন্ট (ম্যানেকুইন) ের মুখ ও গলা থেকে অবশিষ্ট সাবানের ফেনা ও আলদা চুল সরিয়ে দেওয়া হয়; তোয়ালে ভাজ করে ক্লায়েন্ট (ম্যানেকুইন) এর মুখ ঢেকে রাখা হয় (তোয়ালে v-আকারে রাখা হয়, ক্লায়েন্ট যাতে শ্বাস নিতে পারে সেইজন্য নাক খোলা থাকে); সরানোর পরে, ক্লায়েন্ট (ম্যানেকুইন) এর মুখ ও গলা পরিষ্কার করতে এই ভেজা/আর্দ্র তোয়ালে ব্যবহার করা হয়।
10) শেভ করার সময় ঠিকমত স্ট্রোক ব্যবহারের জন্য ম্যানেকুইন (ক্লায়েন্ট) এর মাথা ঠিক করে রাখা হয়েছে।
11) **সম্পূর্ণ প্রক্রিয়া চলাকালীন সব সময় (রেজর ব্লেড ছাড়া চেঞ্জেবল ব্লেড স্ট্রেট রেজর দিয়ে সিমুলেট করা) রেজর নিরাপদে ব্যবহার করা/ধরে রাখা হয়েছিল (ব্যবহার করার সময় নিরাপদে ধরে রাখা হয়েছিল) ।**
12) **দাড়ি কামানো অর্থাৎ শেভ করার প্রক্রিয়ার সব ব্যাপারে নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণ মেনে চলা হয়েছে।**

মুখ মাসাজ (10 মিনিট)
10 টি কাজ মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:
"এখন আপনি মুখ মাসাজ করবেন। প্রথমে আপনি মুখ ও গালে ভেজা/আর্দ্র স্টিম টাওয়েল রাখবেন, আপনার স্প্রে বোতলের জল দিয়ে স্টিম টাওয়েল ভেজাতে হবে। তোয়ালে রাখার পরে আপনার ম্যানেকুইনের মুখ ও গলায় মাসাজ ক্রিম মেখে অন্তত দুটি মাসাজ ম্যানিপুলেশন দেখাবেন। তিন থেকে পাঁচ মিনিটের মাসাজ সম্পূর্ণ করার পরে আপনি ক্লেন্সিং ক্রিম ও তোয়ালে দিয়ে আপনার ম্যানেকুইনের মুখ ও গলা থেকে মাসাজ ক্রিম মুছে দেবেন। সব শেষে মুখ ব্লট করে শুকিয়ে নিতে তোয়ালে জড়ানোর প্রক্রিয়া ও ট্যালকাম পাউডার ব্যবহার করবেন। আপনার কাজ শেষ হয়ে গেলে, অনুগ্রহ করে পিছিয়ে যান এবং নিঃশব্দে পরবর্তী নির্দেশের জন্য অপেক্ষা করুন। এই প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য আপনার কাছে 10 মিনিট সময় আছে এবং আপনি এখন শুরু করতে পারেন।"

1) এই প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল মুখ মাসাজের **সাপ্লাই ও সরঞ্জাম** আবেদনকারীর দ্বারা সরবরাহ করা হয় এবং স্টিম করা, আগে থেকে ভরে রাখা জল স্প্রে করার বোতল, পণ্যের প্রকার ও নামের লেবেল সমেত পাত্রে মাসাজ ক্রিম. পণ্যের প্রকার ও নাম সমেত পাত্রে ক্লেন্সিং ক্রিম, জড়ানোর প্রক্রিয়ার জন্য পরিষ্কার তোয়ালে বা ডিসপোজেবল তোয়ালে, ট্যালকাম পাউডার(3 টে বা তার বেশি পরিষ্কার টেরি টাওয়েল (15"x25/26") দৃশ্যত পরিষ্কার, জীবাণুমুক্ত এবং কাজের পক্ষে উপযুক্ত অবস্থায় আছে)।
2) *তৈরি করা-* শেভিং প্রক্রিয়া থেকে সব তোয়ালে সরিয়ে দেওয়া হয়। ক্লায়েন্ট (ম্যানেকুইন) কে ঠিকমত বসানো হয়; শেভিং প্রক্রিয়ার জন্য মাথা সামান্য পিছন দিকে করে রাখা হয়।

3) *স্টিম (সিমুলেট করা)* - ম্যানেকুইনের মুখ কিছুটা স্টিম করার জন্য তার মুখের উপর দুটো ভেজা/আর্দ্র টেরি টাওয়েল (15"x25/26") রাখা হয় (প্রায় 10-15 সেকেন্ড); ক্লায়েন্ট যাতে শ্বাস নিতে পারে সেই জন্য তোয়ালে এমনভাবে রাখা হয় যাতে নাক (নাসারন্ধ্র) খোলা থাকে।
4) *প্রয়োগ করা*-মসৃণ, নিচের থেকে উপরে ও বাইরের দিকের স্ট্রোকের গতিতে গাল, চিবুক, কপালে কিছুটা মাসাজ ক্রিম স্প্যাটুলা দিয়ে সরাসরি মুখে লাগানো হয় (ডিসপোজেবল পাত্র থেকে সরাসরি বা জীবাণুমুক্ত হাতের উল্টোদিকে রাখা ক্রিম অন্য হাতের আঙুল দিয়ে তুলে নিয়ে ক্রিম ব্যবহার করা যায়) ও সমান ভাবে ছড়িয়ে দেওয়া হয়; **প্রক্রিয়া শেষে যদি পাত্রে অবশিষ্ট পণ্যের পরিমাণ ফেলে দেওয়া হয় তাহলে ম্যানেকুইন (ক্লায়েন্ট) এর মুখে সরাসরি স্প্যাটুলা ব্যবহার করা যায়, নতুবা নয়।***[দ্রষ্টব্য: ঘাড়ে সরাসরি খানিকটা ক্রিম লাগানো যায়।]*
5) *মাসাজ করা*- পরিষ্কার করার ধাপের আগে উপর দিকের স্ট্রোকে অবিরাম মুখ ও গলায় তিন থেকে পাঁচ মিনিট মাসাজ করা হয় (ক্লায়েন্টের ত্বক স্পর্শ করে রাখতে হবে); দু হাত ব্যবহার করে মাসাজের দুটি বা তার বেশি মুভমেন্ট (এফ্লুরেজ, পেত্রিসেজ, ট্যাপোটমেন্ট ও পার্কাশন) দেখানো আবশ্যক।
6) *2য় স্টিম (সিমুলেশন)* - ক্লায়েন্ট (ম্যানেকুইন) এর মুখ কিছুটা স্টিম করার জন্য তার মুখের উপর দুটো ভেজা/আর্দ্র টেরি টাওয়েল (15"x25/26") রাখা হয় (প্রায় 10-15 সেকেন্ড); ক্লায়েন্ট যাতে শ্বাস নিতে পারে সেই জন্য তোয়ালে এমনভাবে রাখা হয় যাতে নাক (নাসারন্ধ্র) খোলা থাকে।
7) *পরিষ্কার করা*-মসৃণ, নিচের থেকে উপরে ও বাইরের দিকের স্ট্রোকের গতিতে গাল, চিবুক, কপালে কিছুটা ক্লেন্সিং ক্রিম স্প্যাটুলা দিয়ে সরাসরি মুখে লাগানো হয় (ডিসপোজেবল পাত্র থেকে সরাসরি বা জীবাণুমুক্ত হাতের উল্টোদিকে রাখা ক্রিম অন্য হাতের আঙুল দিয়ে তুলে নিয়ে ক্রিম ব্যবহার করা যায়) ও সমান ভাবে ছড়িয়ে দেওয়া হয়; **প্রক্রিয়া শেষে যদি পাত্রে অবশিষ্ট পণ্যের পরিমাণ ফেলে দেওয়া হয় তাহলে ম্যানেকুইন (ক্লায়েন্ট) এর মুখে সরাসরি স্প্যাটুলা ব্যবহার করা যায়, নতুবা নয়।***[দ্রষ্টব্য: ঘাড়ে সরাসরি খানিকটা ক্রিমও লাগানো যায়।]*

8) *ক্রিম মুছে ফেলা/রোপকূপ বন্ধ করা* - (উষ্ণতা সিমুলেট করতে) একটা পরিষ্কার, ভেজা/আর্দ্র টেরি টাওয়েল (15"x25/26")ব্যবহার করে মুখ ও গলা থেকে সব ক্রিম/লোশন সম্পূর্ণ মুছে ফেলা হয়; তারপর সেই তোয়ালে সরিয়ে দেওয়া হয় এবং ত্বকের রোমকূপ বন্ধ করার জন্য (শীতলতা সিমুলেট করার জন্য) একটা ভেজা/আর্দ্র টেরি টাওয়েল (15"x25/26") কম পক্ষে 15 মিনিটের জন্য ব্যবহার করা হয় (চোখের উপর দুই অর্ধেক ভাগ এবং নিচের অর্ধেক ভাগ নাকের নিচে; এবং নাক/নাসারন্ধ্র খোলা রাখা হয়)।
9) *শোকানো/শেষ করা*-আঙুল সমেত হাত ঢাকতে একটা পরিষ্কার তোয়ালে বা ডিসপোজেবল টাওয়েল জড়িয়ে নেওয়া হয় (টাওয়েল র‍্যাপ প্রক্রিয়া); তোয়ালের উপর চ্যালকম পাউডার ছড়ানো হয় (মুখের ভেজাভাব দূর করার জন্য যত টুকু দরকার শুধু তত টুকু) এবং হাল্কা ব্লট/ট্যাপ করার গতিতে মুখে মাখা হয়; সব বাড়তি জল মুছে দেওয়া হয় *[দ্রষ্টব্য: অনুগ্র অ্যাস্ট্রিজেন্ট ব্যবহার ঐচ্ছিক তবে জরুরী না।]*
10) **মুখ মাসাজ প্রক্রিয়ার সব ব্যাপারে নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণ মেনে চলা হয়েছে।**

কাজের জায়গা পরিষ্কার করা (5 মিনিট)
4 টি কাজ মূল্যায়ন করা হয়েছে

মৌখিক নির্দেশনা:
"ইতিমধ্যে না করে থাকলে, এখন আপনার সাপ্লাই গুছিয়ে তুলে নিতে পারেন এবং আপনার কাজের জায়গা পরিষ্কার করে দিতে পারেন। আপনার কাজ শেষ হয়ে গেলে, অনুগ্রহ করে পিছিয়ে যান এবং পরীক্ষক আপনাকে ছুটি না দেওয়া পর্যন্ত অপেক্ষা করুন। যাওয়ার সময় খেয়াল রাখবেন, কিছু যেন ফেলে রেখে না যাওয়া হয়। মনে রাখুন নিজের সঙ্গে করে আপনার ডিসপোজেবল ব্যাগ নিয়ে যাবেন। আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ এবং শুভেচ্ছা রইল!"

1) ব্যবহার করা সরঞ্জাম (বড় কাঁচি/কাঁচি, ডিট্যাচেবল ক্লিপার্স, চিরুনি) 'ময়লা লেবেল দেওয়া পাত্রে জমা করা হয়; বড় কাঁচি/ কাঁচি আগে যে থলি/কেসে রাখা ছিল তাতে জমা করে রাখা যায় তবে তার আগে পরিবহনের এই পদ্ধতি বেছে নেওয়া হলে ব্লেড স্প্রে জীবাণুনাশক দিয়ে স্প্রে করে নিতে হবে।
2) (কাউন্টারটপ সমেত) কাজের জায়গা স্যানিটাইজিং সলিউশন দিয়ে পুঙ্খানুপুঙ্খ পরিষ্কার করা হয়েছে;

মেঝের জায়গা পরিষ্কার (চুল ইত্যাদি নেই).
3)সব সাপ্লাই/সরঞ্জাম প্যাক করে নেওয়া হয়েছে এবং কিছু ফেলে রাখা হয়নি; আবেদক পরিসর থেকে সব ডিসপোজেবল সরিয়ে দিয়েছে।
4) কাজের জায়গা পরিষ্কার করার সব ব্যাপারে সুরক্ষা এবং সংক্রমণ নিয়ন্ত্রণ মেনে চলা হয়েছে।

পরীক্ষার্থী প্রস্থান করার সময় তাকে জানানো হয়:
এখানে আসার জন্য ধন্যবাদ। পরীক্ষার ফলাফল উপলব্ধ হলে ইমেলে আপনাকে জানিয়ে দেওয়া হবে। আপনার পরীক্ষা বিভাগের অধীন আপনার ফলাফল দেখার জন্য আপনার অনলাইন অ্যাকাউন্টে লগইন করতে হবে। আপনি আজকের পরীক্ষায় পাস করলে, মেলে আপনার লাইসেন্স পেয়ে যাবেন। যদি আপনি আজকের পরীক্ষায় বিফল হন, আপনাকে পরবর্তী অনলাইন পরীক্ষার দিন ক্ষণ স্থির করতে হবে এবং ফী জমা করতে হবে। শুভেচ্ছা রইল!